



পাঠদান অনুমতির সনদপত্র

স্মারক নং ৩৮.০১.২৬০০.০০০.০০০.৫৩.০০০১.২৫-

তারিখ ১৪০২ বাংলা
জানুয়ারি ২০২৬খ্রি.

প্রত্যয়ন করা যাচ্ছে যে, “রিভারউডস স্কুল” বাড়ী # ১১৫, রোড # ১৬, সেক্টর # ১৪, উত্তরা, সেনানিবাস, ঢাকা- কে বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০২৩ এর বিধি (৪) এর উপবিধি (৫) এর অধীন প্রাথমিক শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য “পাঠদান অনুমতি” সনদ প্রদান করা হলো। বিধিমালায় উল্লিখিত শর্তসমূহ ছাড়াও বর্ণিত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ প্রতিপালন করতে হবে।

শর্তসমূহ :

১. বিদ্যালয়ে নিরাপদ পানীয় জলের সুব্যবস্থা নিশ্চিত করতে হবে।
২. এ প্রাথমিক অনুমতির মূলে সরকারের নিকট কোনও প্রকার আর্থিক সুবিধা দাবি করা যাবে না।
৩. বিদ্যালয়ে নিয়মিতভাবে দৈনিক সমাবেশ অনুষ্ঠান করতে হবে ও জাতীয় সংগীত পরিবেশনসহ জাতীয় পতাকার প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের মাধ্যমে শিশুদের দেশ প্রেমের উন্মেষ ঘটাতে হবে।
৪. বিদ্যালয়ে কাবিং কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।
৫. বিদ্যালয়ে পর্যাপ্ত শিশু বান্ধব আসবাবপত্রসহ সম্পূর্ণ পাঠন সামগ্রী (Supplementary reading materials) ও শিশু শিখনো সামগ্রী মজুত ও ব্যবহার নিশ্চিত করতে হবে।
৬. বিদ্যালয়ে আধুনিক তথ্যপ্রযুক্তি (Audio visual instructional materials) এর সরবরাহ ঘটিয়ে পাঠদানের ব্যবস্থা করতে হবে।
৭. NCTB প্রণীত অনুমোদিত পাঠ্যবই পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত করতে হবে। কোনোক্রমেই অতিরিক্ত বইয়ের চাপ দেওয়া যাবে না।
৮. জাতীয় দিবসগুলো যথাযোগ্য মর্যাদায় প্রতিপালনের মাধ্যমে নতুন প্রজন্মের মাঝে দেশাত্মবোধক চেতনা সমুন্নত রাখতে হবে।
৯. ছাত্র-ছাত্রীদের বেতন, ভর্তি, পুনরায় ভর্তিসহ অন্যান্য আর্থিক বিষয়াদি গ্রহণের ক্ষেত্রে সরকারি নীতিমালা অবশ্যই অনুসরণ করতে হবে। টিউশন-ফিসহ অন্যান্য ফি-এর হার বৃদ্ধির প্রয়োজনে নিবন্ধন কর্তৃপক্ষের অনুমোদন নিতে হবে।
১০. নিরীক্ষার প্রয়োজনে বিদ্যালয়ের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণ করতে হবে এবং প্রতি বছর স্বীকৃত নিরীক্ষা প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষা প্রতিবেদন জমা দিতে হবে।
১১. বিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় সংখ্যক উপযুক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ দিতে পারবেন। শিক্ষক/শিক্ষিকা নিয়োগের ক্ষেত্রে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিয়োগবিধি মোতাবেক ন্যূনতম যোগ্যতা ও অভিজ্ঞতা থাকতে হবে।
১২. সংশ্লিষ্ট কর্মসূচি হিসেবে খেলাধুলা, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষ রোপণ ও পরিষ্কার- পরিচ্ছন্নতা ইত্যাদি সংক্রান্ত কার্যক্রম বিদ্যালয়ে চালু রাখতে হবে।
১৩. বিদ্যালয়ে একটি সমৃদ্ধ ICT Lab প্রতিষ্ঠা করতে হবে এবং শিশুদের আধুনিক তথ্য প্রযুক্তিমনস্ক হিসেবে গড়ে তুলতে হবে।
১৪. বিদ্যালয়ে একটি সমৃদ্ধ গ্রন্থাগার থাকতে হবে, যা শিশুদের ব্যবহারের জন্য উন্মুক্ত থাকবে।
১৫. বিদ্যালয়টি স্থানীয় কর্তৃপক্ষসহ প্রাথমিক শিক্ষা কর্মকর্তাদের পরিদর্শনের আওতাধীন থাকবে।
১৬. বিদ্যালয়ের জন্য একটি সংরক্ষিত তহবিল স্থায়ী আমানত হিসেবে ১,০০,০০০/- (এক) লক্ষ টাকা জমা রাখতে হবে। উক্ত তহবিল সঞ্চয়পত্র বা নগদ অর্থ আকারে কোনো তফশিল ব্যাংকে স্থায়ী আমানত হিসেবে জমা থাকবে। ব্যবস্থাপনা কমিটির পূর্বানুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা বা ভাঙানো যাবে না। শুধু মাত্র আমানতের লভ্যাংশ বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বিদ্যালয়ের উন্নয়ন কাজে ব্যয় করা যাবে।
১৭. নিয়মিতভাবে বিদ্যালয় পরিচালনা কমিটির সভা কার্যকরভাবে অনুষ্ঠান ও গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন করতে হবে।
১৮. সরকার কর্তৃক পরবর্তীকালে সংশ্লিষ্ট বিষয়ে আরোপিত যে কোনো শর্ত উপরে বর্ণিত শর্তাবলির অন্তর্ভুক্ত হিসেবে গণ্য হবে।
১৯. পাঠদান প্রাথমিক অনুমতির সনদ প্রাপ্তির ০১ (এক) বছর মেয়াদ অতিক্রান্ত হবার ৩০ দিন পূর্বে পাঠদান অনুমতি প্রাপ্ত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় কর্তৃপক্ষকে থানা/উপজেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বর্ণিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধনের জন্য উপবিধি (৩) এ বর্ণিত ফি সহ ফরম “গ” তে নিবন্ধন কর্তৃপক্ষের নিকট আবেদন করতে হবে।
২০. অনুমতিকালীন বিদ্যালয়টিকে বর্ণিত শর্তসমূহ পালন করতে হবে, অন্যথায় উক্ত বিদ্যালয়ের প্রাথমিক অনুমতি যে কোনো সময় স্থগিত বা বাতিল করা যাবে।



স্মারক নং ৩৮.০১.২৬০০.০০০.০০০.৫৩.০০০১.২৫- ১৭৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

০১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
০৩. জেলা প্রশাসক, ঢাকা
০৪. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা বিভাগ, ঢাকা
০৫. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার, সেনানিবাস, ঢাকা
০৬. অধ্যক্ষ/প্রধান শিক্ষক, “রিভারউডস স্কুল” বাড়ী # ১১৫, রোড # ১৬, সেক্টর # ১৪, উত্তরা, সেনানিবাস, ঢাকা-
০৭. সংরক্ষণ নথি

১৪ঃ
মোঃ নুরুল হাসান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঢাকা।
ইমেইল : dpeodhaka@gmail.com

তারিখ ০৬ মাঘ ১৪০২ বাংলা
২০ জানুয়ারি ২০২৬খ্রি.

২৪/০১/২৬
মোঃ নুরুল হাসান
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঢাকা।
ইমেইল : dpeodhaka@gmail.com